



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
আইসিটি সেল



বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সেলিম ভূঁইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ	২১/১২/২০২২ খ্রিঃ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

স্মারক নম্বর ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৪১ , তারিখ ২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত অফিস আদেশের ভিত্তিতে অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) এর অগ্রগতি উপস্থাপন	সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) এর প্রতিটি কর্মসম্পাদন সূচকের অগ্রগতি উপস্থাপন করা হয়। এছাড়া ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের উপর গুরুত্বারোপ করা হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) মোতাবেক সকল সূচক যথাসময়ে প্রমানকসহ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। এছাড়া ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালাটি সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ট্রেনার দ্বারা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি) ও ব্যবস্থাপক (ট্রেনিং সেল)
২।	বাস্তবায়নাধীন আইডিয়া সমূহের অগ্রগতি	আরপিসিএল এর কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত ২১ টি আইডিয়ার মধ্যে বাছাইকৃত ৪টি আইডিয়া বাস্তবায়নাধীন রয়েছে। সভায় প্রতিটি আইডিয়ার অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হয়। HT water pipeline modification আইডিয়াটি ইঞ্জিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান ওয়ার্টসিলা কর্তৃক সম্মতি না পাওয়ায় বাস্তবায়ন শুরু হয়নি বলে গাজীপুর ১০০মেঃওঃ পাওয়ার প্লান্টের ইনচার্জ সভাকে অবহিত করেন। বাকি তিনটি আইডিয়া দ্রুত শেষ হবে বলে আশা প্রকাশ করা হয়।	১। HT water pipeline modification আইডিয়াটি বাস্তবায়ন করা হবে না। অন্য একটি আইডিয়া পর্যালোচনা করতঃ দ্রুত বাস্তবায়ন করতে নির্দেশনা প্রদান করা হয়। ২। অবশিষ্ট ৩টি আইডিয়া আগামী ১(এক) মাসের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে প্রয়োজনীয় ব্যয় বিবরণী যথানিয়মে অনুমোদন ও সংরক্ষনের নির্দেশনা প্রদান করা হয়।	আইডিয়া বাস্তবায়কারী

৩।	উদ্ভাবকগণকে সনদপত্র/ ফ্রেস্ট/ পুরস্কার প্রদান	আরপিসিএল কর্তৃক প্রতিবছর ইনোভেশন আইডিয়া আহবান করা হয়। বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত আইডিয়া বাছাই-পূর্বক বাস্তবায়ন করা হয়। উক্ত কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ইনোভেটিভ কর্মকর্তাদের পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করা হয়।	আরপিসিএল এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের উদ্ভাবনী কাজে উৎসাহিত করার জন্য উদ্ভাবক ও উদ্ভাবনী কাজে সহযোগী কর্মকর্তাদের সনদপত্র /ফ্রেস্ট/নগদ পুরস্কার প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
----	---	--	--	----------------------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম হুঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক
(প্রকৌশল), আরপিসিএল


স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৪২

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
- ২) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৩) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ সারোয়ার জাহান

সহকারী ব্যবস্থাপক